

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২৪.১৯.১৩১

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৬

২৩ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৫৬৪২/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার লক্ষে গৃহীত কার্যক্রম সম্পর্কে
টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২১.০৫.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: তাজুল ইসলাম, পিতা: মো: হোসেন এবং সুপারিনটেনডেন্ট (বর্তমানে বরখাস্তকৃত), ধুরুয়া ডি.এস. দাখিল মাদরাসা, থানা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৬৪২/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক ধুরুয়া ডি.এস. দাখিল মাদরাসার ২৪.০৫.২০১৯ খ্রি: তারিখের পত্র মূলে মাদরাসার একডিআর সংক্রান্ত বিষয়ে অনিয়মের প্রেক্ষিতে রিট আবেদনকারী জনাব মো: তাজুল ইসলামকে কারণ দর্শানো নোটিশ দেয়া হয় এবং স্মারক নং-ধূ:দা:মা:২২(১)/১৯, তারিখ:০৭.০৪.২০১৯ খ্রি: মূলে আবেদনকারীকে স্থায়ীভাবে বরখাস্ত করা হয়। এর পরিপ্রেক্ষিতে প্রতিকার চেয়ে গত ১৫.০৪.২০১৯ খ্রি: তারিখে রিট আবেদনকারী জনাব মো: তাজুল ইসলাম কর্তৃক চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর আবেদন করা হয়। প্রেরিত ১৫.০৪.২০১৯ খ্রি: তারিখের আবেদনের উপর কার্যক্রম গ্রহণের দাবী জানিয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৫৬৪২/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. রিট পিটিশন নং-৫৬৪২/২০১৯ মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২১.০৫.২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়েছে:

“ Pending hearing of the Rule, respondent No.3 is directed to dispose of petitioner's said application dated 15.04.2019 (Annexure-D), in accordance with law, within a period of 30 (thirty) days from receipt of the copy of this order.”

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সকল বিষয়ে তথ্য প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৫৬৪২/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২০-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২৪.১৯.১৩১/১(৭)

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২০-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)